"কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র হ্রাসকরণ" শীর্ষক প্রকল্প
পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।

পত্র নং - ৪৭.৬৪.১০৮৮.০২৪.১৪.০০৪.১৯-/৪৮৮ তারিখঃ ২৫/৪/২০১৯

আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সেবা ক্রয় সংক্রান্ত বিজ্ঞপ্তি

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন **"কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র হ্রাসকরণ" শীর্ষক প্রকল্পের** আওতায় বিভিন্ন পদে (উপ-সহকারী প্রকৌশলী [সিভিল]-০১টি, এগ্রো ফুড প্রোডাকশন টেকনিশিয়ান-৪টি, মাঠ সহকারী-৪টি, হিসাব সহকারী-১টি, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-১টি, এলএসপি কাম-এআই টেকনিশিয়ান-৪টি, ফিসারিজ সহকারী-৪টি, কৃষি সহকারী-৪টি, গাড়ীচালক-১টি, অফিস সহায়ক-২টি) ডিপিপিতে উল্লেখিত শর্তসাপেক্ষে প্রকল্পের মেয়াদকাল পর্যন্ত সংশ্লিষ্ট প্রকল্প এলাকায় কাজ করার লক্ষ্যে আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের নিমিত্তে আগ্রহী সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

১। প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও প্রতিষ্ঠানের সেবার ধরনসহ প্রোফাইল জমা দিতে হবে।
২। আপডেট লাইসেন্স/রেজিষ্ট্রেশনসহ প্রয়োজনীয় দলিলাদী (সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করতে হবে)।
৩। উল্লেখিত বেতনের উপর শতকরা সার্ভিস চার্জ/কমিশন (অংকে ও কথায়) উল্লেখ করতে হবে।
৪। পূর্ব অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ পূর্বক প্রমানাদি দাখিল করতে হবে।
৫। মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া বরাবরে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।
৬। দরখাস্ত পাঠানোর সর্বশেষ তারিখঃ ০৮ মে, ২০১৯ অফিস সময়ের মধ্যে।
৭। দরখাস্ত পাঠানোর ঠিকানাঃ প্রকল্প পরিচালক, "কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র হ্রাসকরণ" শীর্ষক প্রকল্প, পল্লী উন্নয়ন একাডমী (আরডিএ), বগুড়া-৫৮৪২।
৮। শুধুমাত্র নির্ধারিত সময়ের মধ্যে ডাকযোগে বা বাহকের মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে। ফ্যাক্স বা ই-মেইল মারফত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
৯। জনবল সরবরাহের বিস্তারিত কার্যপরিধি আরডিএ, বগুড়ার ওয়েব সাইট www.rda.gov.bd তে পাওয়া যাবে অথবা প্রকল্প অফিস থেকে সরাসরি সংগ্রহ করা যাবে।
১০। কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত বা সকল দরখাস্ত বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

২৫/৪/১৯

(ড. মোঃ নুরুল আমিন)
প্রকল্প পরিচালক
কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর
দারিদ্র হ্রাসকরণ শীর্ষক প্রকল্প।
ই-মেইলঃ aminrda93@gmail.com

কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দ্রারিদ্র হ্রাসকরণ শীর্ষক প্রকল্প
পল্লী উন্নয়ন একাডমী, বগুড়া।

<u>আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সেবা ক্রয় সংক্রান্ত কার্যপরিধি</u>

১। ডিপিপিতে উল্লেখিত যোগ্যতা ও অন্যান্য শর্ত মোতাবেক সরবরাহকারী প্রতিষ্ঠান জনবল সরবরাহ করবেন।

২। আউট সোর্সিং পদ্ধতিতে নিয়োগকৃত জনবল কোন অবস্থাতেই একাডেমী অথবা প্রকল্পের জনবল হিসেবে গণ্য হবে না বরং সরবরাহকারী প্রতিষ্ঠানের জনবল হিসেবে গণ্য করা হবে।

৩। সরবরাহকারী প্রতিষ্ঠানের জনবল একাডমী অথবা প্রকল্প হতে কোন বেতন-ভাতাদি দাবী করতে পারবেন না।

৪। আউট সোর্সিং পদ্ধতিতে নিয়োগকৃত জনবলের বেতন-ভাতাদি ও সার্ভিস চার্জ বাবদ অর্থ সরাসরি সরবরাহকারী প্রতিষ্ঠানের ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। এখানে শর্ত থাকে যে, ব্যাংক হিসাবে অর্থ জমা হওয়ার ০২ (দিন) কার্য দিবসের মধ্যে জনবলের বেতন সরবরাহকারী প্রতিষ্ঠান পরিশোধ করতে বাধ্য থাকবেন।

৫। শর্ত মোতাবেক জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে সোনালী ব্যাংক লিঃ, পল্লী উন্নয়ন একাডমী শাখা, বগুড়াতে একটি ব্যাংক একাউন্ট খুলতে হবে।

৬। সরবরাহকৃত জনবল প্রকল্প তথা একাডেমীর আইন-শৃঙ্খলা মেনে চলতে বাধ্য থাকবেন। এর ব্যতয় হলে একাডেমী অথবা প্রকল্প কর্তৃপক্ষ অভিযোগপ্রাপ্ত ব্যক্তির বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে পারবেন এবং এর জন্য সরবরাহকারী প্রতিষ্ঠানও দায়ী থাকবে।

৭। প্রকল্প কর্তৃপক্ষ চাইলে কোনরূপ পূর্ব শতর্কতা ব্যতিরেকে সরবরাহকৃত জনবলের যে কোন একজনের অথবা সকলের সেবা গ্রহণে অসম্মতি জানাতে পারবেন। সে ক্ষেত্রে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান ০৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে নতুন জনবল সরবরাহ করতে বাধ্য থাকবেন।

৮। এই চুক্তি প্রকল্প মেয়াদকাল পর্যন্তই কার্যকর থাকবে। প্রকল্প মেয়াদকাল শেষে হওয়ার সাথে সাথেই সয়ংক্রিয়ভাবে এই চুক্তিপত্র অকার্যকর হয়ে যাবে।

৯। সরবরাহকৃত জনবল প্রকল্প কর্তৃপক্ষের কাছে তাদের কাজের জন্য দায়বদ্ধ থাকবেন।

১০। সরবরাহকৃত জনবল কর্তৃক প্রশাসনিক অথবা আর্থিক কোন অনিয়ম সংঘটিত হলে সেবা সরবরাহকারী প্রতিষ্ঠান এর জন্য দায়বদ্ধ থাকবেন এবং উক্ত সরবরাহকারী প্রতিষ্ঠান এর ক্ষতি পূরণ দিতে বাধ্য থাকবে।

১১। আউট সোর্সিং এর মাধ্যমে জনবল সরবরাহের যোগ্যতা ও সাকুল্যে বেতনঃ

ক্র. নং	পদের নাম	পদের সংখ্যা	যোগ্যতা	পে-গ্রেড	সর্বসাকুল্যে বেতন
১	২	৩	৪	৫	৬
১	উপ সহকারী প্রকৌশলী (সিভিল)	১	ক) ডিপ্লোমা ইন সিভিল ইঞ্জিঃ সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বছরের বাস্তব কাজের অভিজ্ঞতা। খ) বয়স: ৩০ বছর। অভিজ্ঞ ব্যক্তিদের বয়স সীমা শিতিলযোগ্য। গ) কম্পিউটার পরিচালনায় অফিস প্রোগ্রাম বিশেষ করে Auto CAD & ৩D Max বিষয়ে পারদর্শী হতে হবে।	১০	২৪,৭০০/-
২	এগ্রো ফুড প্রোডাকশন টেকনিশিয়ান	৪	ক) কৃষি ডিপ্লোমা (ফুড) ডিগ্রিধারী। খ) বয়স: ৩০ বছর, তবে উচ্চ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য। গ) সংশ্লিষ্ট কাজে কম পক্ষে ০৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	১১	১৯,৮২৫/-
৩	মাঠসহকারী	৪	ক) কমপক্ষে এইচ এস সি পাস ০৩ (তিন) বছরের বাস্তব কাজের অভিজ্ঞতা। পল্লীর মানুষের জীবনমান উন্নয়নের লক্ষ্যে গ্রুপ তৈরী	১৬	১৫,৬৫০/-

ক্র. নং	পদের নাম	পদের সংখ্যা	যোগ্যতা	পে-গ্রেড	সর্বসাকুল্যে বেতন
১	২	৩	৪	৫	৬
			এবং উন্নয়ন মূখি কাজে সহযোগিতা প্রদান করার কাজে অভিজ্ঞ হতে হবে। খ) বয়স: ৩০ বছর। অভিজ্ঞ ব্যক্তিদের বয়স সীমা শিতিলযোগ্য। গ) কম্পিউটার পরিচালনায় অফিস প্রোগ্রাম বিশেষ করে MS Word, MS Excel, MS Power Point বিষয়ে পারদর্শী হতে হবে।		
৪	হিসাব সহকারী	১	ক) কমপক্ষে এইচ এস সি পাস এবং হিসাব রক্ষক কাজে ০৩ (তিন) বছরের বাস্তব কাজের অভিজ্ঞতা । খ) বয়স: ৩০ বছর। অভিজ্ঞ ব্যক্তিদের বয়স সীমা শিতিলযোগ্য। গ) কম্পিউটার পরিচালনায় অফিস প্রোগ্রাম বিশেষ করে MS Word, MS Excel, MS Access বিষয়ে পারদর্শী হতে হবে।	১৬	১৫,৬৫০/-
৫	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	১	ক) কমপক্ষে এইচ এস সি পাস এবং ০৩ (তিন) বছরের কম্পিউটার পরিচালনায়, ইন্টারেট ব্যবহারে ও অফিস ম্যানেজমেন্ট বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে। খ) বয়স: ৩০ বছর। অভিজ্ঞ ব্যক্তিদের বয়স সীমা শিতিলযোগ্য।	১৬	১৫,৬৫০/-
৬	এলএসপি কাম-এআই টেকনিশিয়ান	৪	ক) কমপক্ষে এস এস সি পাস এবং ০৩ (তিন) বছরের বাস্তব কাজের অভিজ্ঞতা থাকতে হবে। খ) আরডিএ হতে সফলতার সাথে এআই প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। খ) বয়স: ৩০ বছর। অভিজ্ঞ ব্যক্তিদের বয়স সীমা শিতিলযোগ্য।	১৬	১৫,৬৫০/-
৭	ফিসারিজ সহকারী	৪	ক) কমপক্ষে এস এস সি পাস এবং আরডিএ/ YTC হতে সফলতার সাথে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেনিং প্রাপ্ত হতে হবে। খ) বয়স: ৩০ বছর। অভিজ্ঞ ব্যক্তিদের বয়স সীমা শিতিলযোগ্য।	১৬	১৫,৬৫০/-
৮	কৃষি সহকারী	৪	ক) কমপক্ষে এস এস সি পাস এবং আরডিএ/YTC ট্রেনিং প্রাপ্ত হতে হবে। খ) বয়স: ৩০ বছর। অভিজ্ঞ ব্যক্তিদের বয়স সীমা শিতিলযোগ্য।	১৬	১৫,৬৫০/-
৯	গাড়ীচালক	১	ক) কমপক্ষে এইচ এস সি পাস এবং সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বছরে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) বয়স: ৩০ বছর। অভিজ্ঞ ব্যক্তিদের বয়স সীমা শিতিলযোগ্য।	১৬	১৫,৬৫০/-
১০	অফিস সহায়ক	২	ক) কমপক্ষে অষ্টম শ্রেনী পাস হতে হবে। খ) বয়স: ৩০ বছর। অভিজ্ঞ ব্যক্তিদের বয়স সীমা শিতিলযোগ্য।	২০	১৪,৪৫০/-
	মোট	২৬			

১২। যে কোন প্রয়োজনে নিম্নের ঠিকানায় যোগাযোগ করা যেতে পারেঃ

ক) ড. শেখ মেহ্‌দী মোহাম্মদ
উপ-প্রকল্প পরিচালক
মোবাইল নং- ০১৭১২-২৯২৬৬৬
E-mail: mehdeerda@gmail.com

খ) ডাঃ মোঃ রিয়াজুল ইসলাম
সংযুক্ত কর্মকর্তা
মোবাইল নং-০১৭১৬-০১২৭০৯
E-mail: mrislam82@gmail.com

২৮/৪/২৫

(ড. মোঃ নুরুল আমিন)
প্রকল্প পরিচালক
কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর
দ্রারিদ্র হ্রাসকরণ শীর্ষক প্রকল্প
পল্লী উন্নয়ন একাডমী, বগুড়া।